

### শিক্ষক সমিতির দাবী দিবস পালন

ইত্তেফাক রিপোর্ট ॥ ৫-দফা দাবীতে বাংলাদেশ শিক্ষক সমিতি গতকাল মঙ্গলবার দাবী দিবস পালন করে। এই উপলক্ষে নগর কমিটি কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে এক সমাবেশের আয়োজন করে। আবুল কাশেমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তব্য রাখেন মোঃ মফিজুদ্দীন, সাহিদা বেগম, চৌধুরী খুরশীদ আলম, হেনা দাস ও আফজাল মিয়া। পরে শিক্ষা ভবনে ডিজির নিকট স্বাক্ষরকলিপি প্রদান করা হয়। ৫ দফা দাবীর মধ্যে রহিয়াছে বেতনের সরকারী অংশ একশত ভাগ প্রদান, সরকারী স্কুলের সমপরিমাণ বাড়ী ভাড়া ও উৎসব ভাতা, উচ্চতর বেতন স্কেল, অসাময়িক জনবল কাঠামো বাতিল ও শিক্ষক কল্যাণ ট্রাস্ট চালু করা।

মাদারীপুর সংবাদদাতা জানান, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের অগ্রাধিকার ভিত্তিতে ৫ দফা দাবী অবিলম্বে বাস্তবায়নের দাবীতে গতকাল মঙ্গলবার শহরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। প্রায় দেড় হাজার শিক্ষক-কর্মচারী মিছিল সহকারে প্রধান সড়ক প্রদক্ষিণ করিয়া জেলা প্রশাসকের নিকট স্বাক্ষরকলিপি পেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন আব্দুল আজিজ হাওলাদার, মোবারক আলী হাওলাদার, যোগমায়া সাহা রায়, বিনোদ গাইন, আব্দুল মান্নান প্রমুখ।